দৈনিক ইত্তেফাক

তারিখ ৬/৯/৯১
পৃষ্ঠা ৮ কলাম ৮

মঙ্গলবার, ১৮ই ভাদ্র, ১৩৯৮

# ৬ মাসেও ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশিত হয় নাই

॥ রেজানুর রহমান ॥

দীর্ঘ ৬ মাসের ব্যবধানেও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯০ সালের ডিগ্রী (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় নাই। গত ৫ই ফেব্রুয়ারী এই পরীক্ষা শুরু হয়। সংসদ নির্বাচনের কারণে শেষ হয় ৪ঠা এপ্রিল।

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার ফল

(১ম পৃঃ পর)

পরীক্ষা নিয়ন্ত্রক দফতর সূত্রে জানা যায়, পরীক্ষা শেষ হওয়া মাত্রই বিভিন্ন কলেজে পরীক্ষকদের নিকট পরীক্ষার খাতা পাঠানো সত্ত্বেও অধিকাংশ ক্ষেত্রে সময়মত খাতা দেখার বিষয়টা গুরুত্ব পায় নাই। ফলে এবারও ফলাফল প্রকাশে বিলম্ব ঘটিতেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় পরীক্ষা নিয়ন্ত্রক দফতর সূত্রে জানা যায়, ৫ই ফেব্রুয়ারী পরীক্ষা শুরুর পর সংসদ নির্বাচনের কারণে মাঝপথে পরীক্ষা বন্ধ রাখা হয়। ফলে পরীক্ষা শেষ হইতে সময় নেয় প্রায় ২ মাস। একজন কর্মকর্তা জানান। ২ মাসে পরীক্ষা শেষ হইলেও অতিক্রত বিভিন্ন কলেজে বিষয়ওয়ারী পরীক্ষার খাতা প্রেরণ করা হয়। কর্তৃপক্ষের ধারণা ছিল দ্রুত ফলাফল প্রকাশ সম্ভব হইবে। কিন্তু সন্ত্রাসী তৎপরতার কারণে পর্যায়ক্রমে বিভিন্ন কলেজ বন্ধ হওয়ার কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সহিত বেশ কিছু পরীক্ষকের যোগাযোগ বন্ধ হইয়া যায়। একটি সূত্র জানায়, এমনও ঘটিয়াছে, একই ব্যক্তিকে ৩ হইতে ৪ বার চিঠি পাঠানো হইয়াছে। উত্তর আসে নাই। 'কলেজ বন্ধ থাকায় অনেকে খাতা দেখার বিষয়টা গুরুত্ব দিতেছে না'—এই মন্তব্য করিয়া একজন কর্মকর্তা বলেন, আমরা সংশ্লিষ্টদের সহিত যোগাযোগ অব্যাহত রাখিয়াছি। সবকিছু ঠিকঠাক থাকিলে চলতি মাসের মাঝামাঝি অর্থাৎ ১৫ হইতে ২০শে সেপ্টেম্বরের মধ্যে ফলাফল প্রকাশিত হইবে। উল্লেখ্য, ৪ঠা ডিসেম্বর হইতে ১৯৯১ সালের ডিগ্রী পরীক্ষা শুরু হইবে।

13